

চৈতালী চাঁদনী রাতে ।
নব মালতীর কলি
মুকুল নয়ন মেলি
নিশি জাগে আমারি সাথে ॥
পিয়াসী চকোরীর দিন গোনা ফুরালো
শূন্য গগনের বক্ষ জুড়ালো,
দখিন-সমীরণ মাধবী-কঙ্কন
পরায়ে দিলো বনভূমির হাতে ॥
চাঁদনী তিথি এল,
আমারি চাঁদ কেন এলো না,
বনের বুকের আঁধার গেল গো
মনের আঁধার কেন গেল না
এ মধু-নিশি মিলন মালায়
কাঁটারই মত আসি বিঁধিয়া আছি হায় ।
সবার-ই আলোয় আলোর দেয়ালি
অশ্রু আমারি নয়ন-পাতে ॥